চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা, চট্টগ্রাম
মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮

**তারিখ:০৯.০৩.২০২৬**

প্রেস বিজ্ঞপ্তি

## সিকের অর্থায়নে ফালাহগাজী মসজিদ ও কবরস্থানের উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করলেন মেয়র ডা. শাহাদাত হোসেন।



চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) অর্থায়নে নগরীর ১৭ নম্বর ওয়ার্ডে অবস্থিত ঐতিহ্যবাহী ফালাহগাজী মসজিদ ও কবরস্থানের উন্নয়ন প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। সোমবার (৯ মার্চ) এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে প্রকল্পটির শুভ উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। উদ্বোধনকালে এক সংক্ষিপ্ত সমাবেশে মেয়র বলেন, ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়ন নাগরিক জীবনের একটি গুরুত্বপূর্ণ অংশ। ফালাহগাজী মসজিদ ও কবরস্থান এলাকার মানুষের কাছে একটি আবেগ ও ঐতিহ্যের স্থান। চসিকের এই উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ফলে মুসল্লিদের নামাজ আদায়ে অধিকতর সুযোগ-সুবিধা নিশ্চিত হওয়ার পাশাপাশি কবরস্থানের সুষ্ঠু রক্ষণাবেক্ষণ ও পরিবেশগত উন্নয়ন সম্ভব হবে। তিনি আরও বলেন, নগরীর প্রতিটি ওয়ার্ডে ধর্মীয় ও শিক্ষাপ্রতিষ্ঠানের উন্নয়ন ও আধুনিকায়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশন বদ্ধপরিকর। উন্নয়নের এই ধারা কেবল সড়ক বা ড্রেনেজ ব্যবস্থার মধ্যে সীমাবদ্ধ নয়, বরং জনকল্যাণমূলক প্রতিটি খাতে অগ্রাধিকার ভিত্তিতে কাজ করে যাচ্ছে সিটি কর্পোরেশন। উদ্বোধনী অনুষ্ঠানে চট্টগ্রাম-৯ আসনের সাবেক সংসদ সদস্য আবু সুফিয়ান, সাবেক যুবদলের সাংগঠনিক সম্পাদক এমদাদুল হক বাদশা এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এছাড়া চসিকের সংশ্লিষ্ট কর্মকর্তা, ১৭ নম্বর ওয়ার্ডের দায়িত্বশীল নেতৃবৃন্দ ও স্থানীয় এলাকাবাসী অনুষ্ঠানে অংশ নেন। উদ্বোধন শেষে দেশ ও জাতির কল্যাণ কামনায় বিশেষ মোনাজাত করা হয়।

## ৩১ মার্চ থেকে শুরু হবে চসিকের উদ্যোগে স্বাধীনতা বইমেলা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আগামী ৩১ মার্চ থেকে নগরীর জিমনেসিয়াম মাঠে শুরু হচ্ছে স্বাধীনতা বইমেলা। মেলা চলবে আগামী ১৮ এপ্রিল পর্যন্ত। সোমবার টাইগারপাসস্থ চট্টগ্রাম সিটি কর্পোরেশন কার্যালয়ে স্বাধীনতা বইমেলা ও মহান স্বাধীনতা দিবস—২০২৬ উদযাপন উপলক্ষে আয়োজিত প্রস্তুতিমূলক সভায় সভাপতির বক্তব্যে এ ঘোষণা দেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। মেয়র বলেন, প্রতি বছর ফেব্রুয়ারি মাসে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে একুশে বইমেলার আয়োজন করা হয়ে থাকে। তবে এ বছর জাতীয় নির্বাচনসহ দেশের সার্বিক পরিস্থিতির কারণে প্রকাশক ও সংশ্লিষ্টদের মতামতের ভিত্তিতে সেই আয়োজন করা সম্ভব হয়নি। নির্বাচনী কার্যক্রম শেষ হওয়ায় এখন সংশ্লিষ্ট সবার পরামর্শক্রমে স্বাধীনতার চেতনাকে সমুন্নত রাখতে স্বাধীনতা বইমেলার আয়োজন করা হচ্ছে। তিনি জানান, ৩১ মার্চ বইমেলার উদ্বোধনী দিনে জাতির কৃতি সন্তানদের অবদানের স্বীকৃতি হিসেবে ‘স্বাধীনতা সম্মাননা পুরস্কার’ প্রদান করা হবে। প্রাথমিকভাবে নগরীর জিমনেসিয়াম মাঠকে মেলার ভেন্যু হিসেবে নির্ধারণ করা হয়েছে। মেয়র আরও বলেন, বইমেলা শুধু বই বিক্রির আয়োজন নয়; এটি একটি সাংস্কৃতিক আন্দোলন। নতুন প্রজন্মের মধ্যে মুক্তিযুদ্ধের ইতিহাস, স্বাধীনতার চেতনা এবং সাহিত্য-সংস্কৃতির প্রতি আগ্রহ সৃষ্টি করাই এই আয়োজনের মূল উদ্দেশ্য। তিনি বলেন, বইমেলার আয়োজনকে আরও সমৃদ্ধ করতে বীর মুক্তিযোদ্ধা, প্রখ্যাত একাডেমিশিয়ান, লেখক, গবেষক এবং বিভিন্ন পেশার স্বনামধন্য ব্যক্তিদের সম্পৃক্ত করা হবে। পাশাপাশি প্রকাশক ও পাঠকদের অংশগ্রহণে মেলাকে প্রাণবন্ত করে তুলতে বিভিন্ন সাহিত্য ও সাংস্কৃতিক কর্মসূচির আয়োজন করা হবে। সভায় আরও বক্তব্য রাখেন চসিকের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ও সচিব মো. আশরাফুল আমিন, প্রধান শিক্ষা কর্মকর্তা ড. কিসিঞ্জার চাকমা, সমাজকল্যাণ ও সংস্কৃতি কর্মকর্তা মামুনুর রশীদ, চট্টগ্রাম সৃজনশীল প্রকাশক পরিষদের সভাপতি সাহাব উদ্দিন হাসান বাবু এবং সাধারণ সম্পাদক মো. সোহেল রানা। এ সময় প্রকাশক ও সংশ্লিষ্ট বিভিন্ন ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## মশা নিয়ন্ত্রণে ৪১ ওয়ার্ডে ক্রাশ প্রোগ্রাম চালাবে চসিক: মেয়র ডা. শাহাদাত হোসেন

নগরীতে মশার উপদ্রব নিয়ন্ত্রণে চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চসিক) ৪১টি ওয়ার্ডে বিশেষ ‘ক্রাশ প্রোগ্রাম’ চালু করেছে। সোমবার নগরীর জমিয়তুল ফালাহ মসজিদ প্রাঙ্গণ থেকে মশার ওষুধ ছিটিয়ে আনুষ্ঠানিকভাবে এই কর্মসূচির উদ্বোধন করেন চসিকের মেয়র ডা. শাহাদাত হোসেন। উদ্বোধনকালে মেয়র জানান, নগরের প্রতিটি ওয়ার্ডে সমন্বিতভাবে মশা নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করা হবে। তিনি বলেন, আবহাওয়ার পরিবর্তনের কারণে হঠাৎ করেই মশার বিস্তার বৃদ্ধি পায়। নগরবাসী যাতে মশার উপদ্রবের কারণে দুর্ভোগে না পড়ে, সে জন্য এই ৪১টি ওয়ার্ডে একযোগে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। মেয়র আরও জানান, কর্মসূচির আওতায় নিয়মিত ফগিং কার্যক্রমের পাশাপাশি

লার্ভিসাইড ছিটানো, নালা-নর্দমা পরিষ্কার, আবর্জনা অপসারণ এবং জনসচেতনতা কার্যক্রম আরও জোরদার করা হবে। নগরের প্রতিটি ওয়ার্ডে একযোগে এই কার্যক্রম পরিচালনার মাধ্যমে মশার বংশবিস্তার নিয়ন্ত্রণে আনা সম্ভব হবে। নির্মাণাধীন ভবনসহ বিভিন্ন স্থাপনায় জমে থাকা পানিতে মশার প্রাদুর্ভাব রোধে মেয়র বলেন, কোথাও যদি অবহেলার কারণে পানি জমে মশার বিস্তার ঘটে, তবে প্রয়োজনে ম্যাজিস্ট্রেটের মাধ্যমে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হবে। তিনি সংশ্লিষ্ট ভবন মালিক, নির্মাণকারী প্রতিষ্ঠান ও ঠিকাদারদের সতর্ক থাকার আহ্বান জানান এবং নিয়মিত পানি অপসারণের ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। ডেঙ্গু ও চিকুনগুনিয়াসহ মশাবাহিত রোগ প্রতিরোধে চসিক আমেরিকান প্রযুক্তির লার্ভিসাইড বিটিআই (Bacillus thuringiensis israelensis) ব্যবহার করছে। মেয়র জানান, এই প্রযুক্তি মশার লার্ভা ধ্বংসে অত্যন্ত কার্যকর ও পরিবেশবান্ধব। ইতোমধ্যে পরীক্ষামূলক প্রয়োগে ইতিবাচক ফল পাওয়া গেছে। তিনি আরও বলেন, আধুনিক যন্ত্রপাতি ও কার্যকর ওষুধ ব্যবহারের মাধ্যমে নগরে মশা নিয়ন্ত্রণ কার্যক্রমকে আরও গতিশীল করা হবে। নগরবাসীর সুস্বাস্থ্য নিশ্চিত করতে এই কার্যক্রম ধারাবাহিকভাবে চলবে। মেয়র নগরবাসীর প্রতি আহ্বান জানান, মশা নিয়ন্ত্রণে কেবল সিটি কর্পোরেশনের উদ্যোগই যথেষ্ট নয়; নাগরিকদেরও সচেতন হতে হবে। বাসাবাড়ির ছাদ, ফুলের টব, পানির পাত্র বা আশপাশের কোথাও যাতে পানি জমে না থাকে, সে দিকে নজর দিতে হবে। নাগরিকদের সম্মিলিত সহযোগিতা থাকলে ডেঙ্গু ও অন্যান্য মশাবাহিত রোগ কার্যকরভাবে নিয়ন্ত্রণ করা সম্ভব হবে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চসিকের প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা ক্যাপ্টেন ইখতিয়ার উদ্দিন আহমেদ চৌধুরী, ম্যালেরিয়া ও মশক নিয়ন্ত্রণ কর্মকর্তা মো. শরফুল ইসলাম মাহি, উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা প্রণব কুমার শর্মা, মেয়রের একান্ত সহকারী জিয়াউর রহমান জিয়া, মারুফুল হক চৌধুরী (মারুফ) সহ অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তারা।

নগরের চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল এলাকা ও কে বি ফজলুল কাদের রোডের ফুটপাতে অভিযান চালিয়ে প্রায় ৪৫ টি অবৈধ দোকান পাট উচ্ছেদ করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভ্রাম্যমাণ আদালত। আজ সোমবার চট্টগ্রাম সিটি কর্পোরেশনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যার নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়। সড়কের উভয় পার্শ্বের ফুটপাত দখল করে দোকান ও ভ্যানগাড়ি বসিয়ে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করা হয়। অভিযানে প্রায় ৪৫ টি অবৈধ দোকান ও ভ্যানগাড়ি উচ্ছেদ করে চলাচলের পথ সুগম করা হয়। জনস্বার্থে এ অভিযান অব্যহত থাকবে।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)
জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮